

# ॥মাসিক কিশোর- কিশোরী সংবাদ




প্রকাশনায় : কোস্ট ফাউন্ডেশন। সহযোগিতায় : পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

মাস : আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ। জুলাই ২০২৩ খ্রি:। বর্ষ : দ্বিতীয় বর্ষ সংখ্যা : দশম সংখ্যা


## উপজেলা সাংস্কৃতি ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেধাও মননে সুন্দর আগামী

মেধা ও মননে সুন্দর আগামী এ শ্লোগানের ভিত্তিতে

কোস্ট ফাউন্ডেশনের পরিচালনায় ও পল্লীকর্ম-সহায়ক ফাউন্ডেশনের সহযোগিতায় ২২ জুন ২০২৩ তারিখ লালমোন উপজেলা সদরে ওহাব আলী মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে লালমোহন উপজেলার ৯টি ইউনিয়ন ও পৌরসভা সহ ১০ ইউনিয়নে, ইউনিয়ন ভিত্তিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের নিয়ে উপজেলা ভিত্তিক সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন জনাব মো: ইমাম হোসেন, কমিশনার ৫নং ওয়ার্ড। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পারভীন বেগম সভানেত্রী মহিলা আওয়ামী লীগ ও প্রাক্তন কমিশনার।



দেশাত্মবোধক গানের প্রতিযোগিতায় একজন অংশগ্রহনকারী, প্রতিযোগী

প্রতিযোগিতায় অংশগ্রহনকরাীরা ইনডোরে ৪টি ইভেন্ট ও আউটডোরে ২টি ইভেন্টে, কিশোর- কিশোরীরা আলাদা আলাদা অংগ্রহন করেন। ইনডোর প্রতিযোগীতার মধ্যে ছিল আর্ম রেসলিং, প্রবন্ধ লেখা, কবিতা আবৃত্তি ও দেশাত্মো বোধক গানের প্রতিযোগতি। আউটডোর প্রতিযোগিতায় ছিল কিশোর ও কিশোরীদের মধ্যে ব্যটমিন্টর প্রতিযোগিতা। ব্যাডমিন্টন প্রতিযোগিতায় কিশোরীদের মধ্যে চ্যাম্পিয়ন হন ফরাজ গজ্ঞ ইউনিয় কিশোরী দল এবং রানার্স আপ হন রমাগজ্ঞ ইউনিয়ন কিশোরী দল। অন্যদিকে কিশোর দের মধ্যে প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হন লালমোহন সদর পৌরসভা কিশোর দল এবং রানার্স আপ রমাগজ্ঞ কিশোর দল। অন্যান্য প্রতিযোগিতায় বিভিন্ন ইউনিয়নের প্রতিযোগিরা বিজয়ী হন। প্রতিয়োগিতা শেষে অতিথিরা বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।



পুরস্কার বিতরণ করছেন,সেলিনা পারভীন মহিলা কমিশনার, বোরহানউদিন পৌ্রসভা

২৪ জুন ২০২৩ তারিখে বোরহান উদ্দিন উপজেলার পৌরসভা সহ ও ৯ ইউনিয়ন সহ ১০ ইউনিয়নের, সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতারয় বিজয়ীদের নিয়ে উপজেলা অডিটরিয়ামে উপজেলা ভিত্তিক সাংস্কৃতিক ও ক্রীড়া অনৃষ্ঠান অনুষ্ঠিত হয়। উনুষ্ঠানে ইনডোর ৪টি ইভেন্ট ও আউট ডোরে ২ ইভেন্টে প্রতিযোগীরা অংশগ্রহন করেণ। প্রতিযোগিতায় ব্যাডমিন্টনে কিশোর দলে হাসান নগড় ইউনিয়ন চ্যাম্পিয়ন ও বড়মানিকা কিশোরীদল রানার্স আপ এবং কিশোরদের মধ্যে পক্ষীয়া ইউনিয়ন চ্যাম্পিয় ও টবগী কিশোর দল রানার্স আপ হন। অনুষ্ঠানে জনাব সেলিনা পারভীন মহিলা কমিশনার ৭নং ওয়ার্ড প্রদান অতিথি হিসেনে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

প্রতিযোগীতার শুরুতে উদ্ধোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জনাব ইমাম হোসেন, কমিশনার লালমোহন পৌরসভা বলেন আমি খুবই আনন্দিন যে পল্লী কর্ম-সহায়ক ফ াউন্ডেশনের সহায়তায় কোস্ট ফাউন্ডেশন লালামোহন উপজেলার পৌরসভা সহ ১০ ইউনিয়নে তাদের কৈশোর কর্মসূচি পরিচালনা

করে আসছে। বর্তমানে তাদের ৯০টি ইউনিয়নে ৯০টি কিশোর ও ৯০টি কিশোরী ক্লাবের মাধ্যমে প্রায় ৬,৫০০ কিশোর- কিশোরীরা সংগঠিত হয়েছে।



কিশোরী দলের ব্যাডমিন্টন প্রতিযোগিতা

আমি আশাকরি এ ক্লাবের মাধ্যমে যদি কিশোর কিশোরীদের মধ্যে ভালো মূল্যোবোধ তৈরী করা যায়, তাদের মধ্যে যদি মুক্তিযোদ্ধের চেতনায় দেশপ্রেম তৈরী করা যায়, তা হলেই আমরা জাতীর জনকের সত্যিকারেরর সোনার বাংলায় সোনা ফলাতে পারবো। তিনি আরে বলেন যদি কিশোর-কিশোরীরা লেখা পড়ার পাশা পাশি ক্লাবে এসে বিভিন্নধরনের খেলাধুলা মধ্যে সময় কাঠায় তা হলে তারা অন্যকোন অন্যায় কাজে মনোনিবেশ করতে পারবে না।

## সামাজিক কার্যক্রমে কিশোর-কিশোরীদের অংশগ্রন

আজকের কিশোর-কিশোরী আগামী দিনের ভবিষ্যৎ, কিশোর-কিশোরীরাই পারে সমাজের বিভিন্ন উন্নয়ন মুলক কাজে অংশগ্রহন করতে, শুধু প্রয়োজন একটু অনুপ্রেরণা। গত ৬ জুন ২০২৩ তারিখে



আলোচনা করছেন জনাব শিবলী আহম্মেদ
প্রধান শিক্ষক হাজির হাট মাধ্যমিক বিদ্যালয়

বদরপুর ইউনিয়ন কিশোর-কিশোরী ক্লাবের উদ্যেগে বদরপুর হাজীর হাট মাধ্যমিক বিদ্যালটি তারা পরিস্কার পরিচ্ছন্ন করার অভিযান পরিচালনা করেন। বদরপুর ইউনিয় কিশোর-কিশোরী ক্লাবের কমীটির সদস্যরা প্রথমে বিষয়টি নিয়ে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহোদয়ের সাথে আলাপ করেন। তিনি এ কাজে সম্মতি প্রদান করেন তারপর ইউনিয়ন কমিটির সদস্যরা ঐ বিদ্যালয়ের নিকটবর্তী



প্রধান শিক্ষক শিবলী আহম্মেদ পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান শুরু করেন

আরো কয়েটি ক্লাবের সদস্যদের নিয়ে গত ৬জনু ২০২৩ তারিখে বিদ্যালয় পরিস্কার পরিচ্ছন্ন অভিযানটি পরিচালনা করে। অনুষ্ঠানের শুরুতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব শিবলী আহম্মেদের সভাপতিত্বে সকল শিক্ষার্থীদের নিয়ে আলোচনা করেন। পরবর্তী প্রধান শিক্ষক মহোদয় কাজটির উদ্বোধন করেন। আলোচনায় প্রধান শিক্ষক জনাব শিবলী আহম্মেদ বলেন বদরপুর কিশোর-কিশোর ক্লাবে এ উদ্যোগকে আমরা বিদ্যালয়ের পক্ষ থেকে ধন্যবাদ জানাই আজকে যে সুন্দর ও সু-শৃংখল ভাবে তোমরা আমাদের শিক্ষার্থীদের সাথে নিয়ে এক কাজটি করছে, আমি আগামীতে আমাদের বিদ্যালয়ে প্রতিটি ক্লাশে একটি করে কমিটি গঠন করব যাতে তারা একেকদিন একেক কমটি তাদের নেতৃত্বে বিদ্যালয়টি পরিস্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব পালন করেন। ক্লাবের সদস্যদের পক্ষ্যথেকে বিদ্যালয়ে কয়েকটি ঝুড়ি উপহার হিসেবে প্রদান করেন ,যাতে শিক্ষার্থীরা তাদের আবর্জনাক যত্রতত্র না ফেলে নিদিষ্ঠ স্থানে ফেলার অভ্যাস শুরু করেন।

**জুলাই ২০২৩ কাজের পরিকল্পনা :**

| নং | কাজের বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১. | মাসিক মেন্টর সমন্বয় সভা | ২০ টি |
| ২. | ক্লাব মিটিং মনিটরিং | ১০০ |
| ৩. | অভিভাবক সাভা | ১০ টি |
| ৪. | ক্লাব পরিদর্শন | ১০০টি |

**পত্রিকাটির জন্য যারা লেখা দিয়ে সহযোগিতা করেছেন তাদের সকলকে অসংখ্য ধন্যবাদ। পরবর্তিতে আরো সুন্দর লেখা পাঠানোর জন্য অনুরোধ থাকলো।**

**যোগাযোগ :**

প্রকল্প সমন্বয়কারি, খোকন চন্দ্র শীল, প্রকল্প অফিস, দক্ষিন চরনোয়াবাদ সার্কিট হাউজ রোর্ড সংলগ্ন, কোস্ট ফাউন্ডেশন, ভোলা সদর । মোবাইল নম্বর, ০১৭১৩৩২৪৮৩৯

**বি.দ্র : এ পত্রিকায় যাদের ছবি দেয়া হয়েছে তা কোন ব্যবসাহিক কাজ বা বিক্রির জন্য নয়।**